দৈনিক সংবাদ

তারিখ 05 NOV 1992
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৭ ...

117 167

# পরীক্ষা পদ্ধতি প্রশ্নে স্কুল ছাত্রদের বিক্ষোভ চলছে

এসএসসি পরীক্ষায় নৈর্ব্যক্তিক পদ্ধতি বহাল রাখার দাবিতে গতকালও বিভিন্ন স্থানে ছাত্র বিক্ষোভ হয়েছে। হরতাল পালিত হয়েছে সিলেটের জকিগঞ্জ ও বরিশালের ভান্ডারিয়ায়। পুলিশ ৫ জন ছাত্রকে গ্রেফতার করেছে।

নিজস্ব সংবাদদাতাদের পাঠানো খবরঃ

গাইবান্ধা ঃ এস এস সি পরীক্ষায় '৯২ সালের সিলেবাস পুনর্বহাল ও সদ্য ঘোষিত সিলেবাস বর্জনের দাবিতে সুন্দরগঞ্জ থানার চন্ডীপুর হাইস্কুলের ছাত্ররা গতকাল সন্ধ্যায় পাঁচপীর বাজার চত্বরে

ছাত্র ঃ পৃঃ ১১ কঃ ৮

## ছাত্র ঃ বিক্ষোভ চলছে

(১ম পৃষ্ঠার পর)

একটি বিক্ষোভ মিছিল বের করে।

গতকাল মুন্সীগঞ্জে স্কুল ছাত্রদের বিক্ষোভ মিছিল হয়। তারা কমলাঘাট বন্দর ও বিয়ানীবাজারে মিছিল করে কিছু সরকারী অফিসে ইট-পাটকেল নিক্ষেপ করে। পুলিশ শনিবারের বিক্ষোভ ও ভাংচুরে অংশ নেয়ার দায়ে মঙ্গলবার রাতে কে, কে, হাইস্কুলের ১০ম শ্রেণীর ছাত্র সাইফুল ইসলাম সোহাগকে তার বাসা থেকে গ্রেফতার করেছে।

বরিশালের ভান্ডারিয়ায় গতকাল দুপুর ১২টা পর্যন্ত হরতাল পালিত হয়েছে। গৌরনদীতে মিছিল ও বাস ভাংচুর হয়েছে। পুলিশ ছাত্রদের মিছিলে লাঠিচার্জ করেছে ও ৪ জন ছাত্রকে গ্রেফতার করেছে।

সিলেটের জকিগঞ্জে গতকাল অর্ধদিবস হরতাল পালিত হয়েছে। সিলেটে ছাত্ররা জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি দিয়েছে ও আজ বৃহস্পতিবার হরতাল ডেকেছে।

বান্দরবানে ছাত্ররা স্মারকলিপি দিয়েছে, আজ ৭টি থানায় ধর্মঘট আহ্বান করা হয়েছে।

এদিকে গতকাল কেন্দ্রীয় স্কুল ছাত্র সংগ্রাম পরিষদের প্রতিনিধি সভায় পরীক্ষা পরিবর্তনের সরকারী সিদ্ধান্ত বাতিল ঘোষণা না করা পর্যন্ত নিয়মতান্ত্রিক পন্থায় আন্দোলন অব্যাহত রাখার সিদ্ধান্ত নেয়া হয়।

সভায় আজ বৃহস্পতিবার স্কুল ছাত্রদের ধর্মঘটশেষে দুপুর ১২টায় মধুর ক্যান্টিনের সামনে স্কুল ছাত্রদের কেন্দ্রীয় সমাবেশ অনুষ্ঠানের সিদ্ধান্ত নেয়া হয়।